

## এবার পকেটেই থাকবে আস্ত কম্পিউটার

এবার মিনিটের বাদে সম্পূর্ণ কম্পিউটারটিকেই পকেটে রাখার ব্যবস্থা নিয়ে ইন্টেল বাজারে আনতে যাচ্ছে এইচডিএমআই কম্পিউটার স্টিক। যেকোনো এইচডিএমআই সমন্বিত ডিসপ্লে কিংবা টিভিতে স্টিকটি যুক্ত করলেই ডিসপ্লেটি মুহূর্তেই রূপ নেবে ডেস্কটপ কম্পিউটারে। লাস ভেগাসে অনুষ্ঠিত সিইএস ২০১৫-এ প্রদর্শন করা হয় এ ডিভাইসটি। ইন্টেল জানিয়েছে, উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম চালিত এই পকেট সাইজ কম্পিউটারে আছে কেনম্যাড কোর ইন্টেল অ্যাটম প্রসেসর, ৩২ জিবি স্টোরেজ ক্যাপাসিটি, ২ জিবি র‍্যাম। এ ছাড়া আছে ইউএসবি পোর্ট, ব্লুটুথ, ওয়াই-ফাই প্রভৃতি। এ ছাড়া লিনাক্স অপারেটিং সিস্টেমচালিত অপর একটি সংস্করণ বাজারে আনতে পারে ইন্টেল যাতে থাকবে ১ জিবি র‍্যাম এবং ৮ জিবি স্টোরেজ। উইন্ডোজ অপারেটিং সিস্টেমচালিত ডিভাইসটির দাম পড়বে ১৪৯ ডলার এবং লিনাক্সচালিত ডিভাইসটির দাম পড়বে ৮৯ ডলার। পাওয়া যাবে চলতি বছরের মার্চ থেকেই।

—আইটি ডেস্ক